# ২০২৫

# বাংলা

(প্রোগ্রাম)

ডিসিপ্লিন স্পেশিফিক ইলেকটিভ (DSE)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-G-DSE-T-2

(বাংলা রূপকথা, শিশুকিশোর ও গোয়েন্দা সাহিত্য)

[নতুন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) নীলকমল ও লালকমল এই দুইজনের পিতা ও মাতার নাম লেখো। দুজনের সম্বন্ধ কী ছিল?

খ) 'ঘুমন্তপুরী' রচনাটির লেখকের নাম লেখো। এটা কী ধরনের রচনা?

গ) 'টুনটুনি ও রাজার কথা' কার রচনা? লেখকের এই ধরনের আরেকটি রচনার নাম উল্লেখ করো।

ঘ) 'নাক কাটা রাজারে, দেখতো কেমন সাজা রে'— কোন রচনার অংশ? উক্তিটি কার?

(পরের পাতায়)

ঙ) ' বাপ্পাদিত্য ' রচনাটির লেখক কে? সাহিত্যিক ছাড়া তিনি আর কোন্ পরিচয়ে পরিচিত?

চ) বাপ্পাদিত্য কে ছিলেন? তার পিতা ও মাতার নাম লেখো।

ছ) লালু আর ভুলুর পরিচয় দাও।

জ) " হাতি বলে, এই বেলা জঙ্গলে চলো ভাই "— কোন রচনার অংশ? লেখকের নাম লেখো।

ঝ) খুড়োর কল নির্মাতার পরিচয় দিয়ে পাঁচ ঘন্টার রাস্তা কত সময়ে চলে তা উল্লেখ করো।

ঞ) " ছেলে হও, বুড়ো হও, অন্ধ কি পঙ্গু,
মোর কাছে ভেদ নাই, কলেরা কি ডেঙ্গু "
— কবির নামসহ কবিতাটির নাম লেখো।

ট) গোয়েন্দা বরদাচরণের সংক্ষিপ্ত পরিচয় দাও।

ঠ) 'গোলকধাম রহস্য' কাহিনিতে যে কয়জন মহাভারতীয় চরিত্রের উল্লেখ আছে তাদের নাম লেখো।

ড) ফেলুদা ও তপসের প্রকৃত নাম লেখো। এই চরিত্র দুটি কার সৃষ্টি?

ঢ) 'রহস্যভেদ' রচনায় কে কিসের রহস্যভেদ করেছে?

ণ) 'তদন্ত' কাহিনিতে কে, কখন, কীভাবে, কোথায় খুন হয়েছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) গোহ কে ছিলেন? তার বিস্তারিত পরিচয় দাও।

খ) " ভারি মজা ভারি মজা, রাজা খেলেন ব্যাঙ ভাজা"— রাজা কেন কীভাবে ব্যাঙ ভাজা খেলেন তা লেখো।



গ) 'গোলকধাম রহস্য' কাহিনির গোলকধামের বর্ণনা দাও। সেখানে যারা থাকে তাদের পরিচয় দাও।

ঘ) " তখন পথের দু'ধারে দোকানপাট সব বন্ধ হয়ে গেছে" —কোন রচনার অংশ ? পরবর্তী ঘটনার বিবরণ দাও।

ঙ) 'ন' পাড়ার মোক্ষদা দিদির ঘরে একটি জিনিস চুরি যায়, কীভাবে চোরকে ও চোরাই দ্রব্যটিকে খুঁজে পাওয়া গিয়েছিল ?

চ) ' হাতুড়ে' কীভাবে চিকিৎসা করত তা নিজের ভাষায় লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাপ্পাদিত্যের আশ্চর্য জীবনকাহিনি নিজের ভাষায় লিপিবদ্ধ করো।

খ) 'গোলকধাম রহস্য' কাহিনিতে রহস্য ভেদ কীভাবে হয়েছিল তা উল্লেখ করো। কাহিনির পরিণতি সম্পর্কে তোমার মতামত দাও।

গ) নীলকমল তার পিতার রাজ্যে শান্তি ফিরিয়ে আনতে যে বুদ্ধিমত্তার পরিচয় দিয়েছিল তা লেখো। তার চরিত্র কোমলে-কঠোরে কীভাবে অসাধারণ হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো। কাহিনিটি রূপকথা হিসেবে কতটা সার্থক? ৫+৩+২

ঘ) 'খিঁচুড়ি' কবিতায় কবি বিভিন্ন প্রকার জীবজন্তুর যে অদ্ভুত সম্মিলনের ইঙ্গিত দিয়েছেন উদ্ধৃতিসহ তা ব্যাখ্যা করো।

———